চট্টগ্রামের ৪ উপজেলায় নামছে ১০ প্লাটুন বিজিবি

হেফাজতে ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফীর জানাজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে চট্টগ্রামের ৪ উপজেলায় ১০ প্লাটুন বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। চট্টগ্রাম জেলা প্রশাসনের ৭ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে হাটহাজারী, পটিয়া, রাঙ্গুনিয়া এবং ফটিকছড়িতে আজ শনিবার (১৯ সেপ্টেম্বর) সকাল থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিজিবি সদস্যরা আইনশৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করবেন।

চট্টগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ড. বদিউল আলম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, শফী হুজুরের জানাজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শনিবার সকাল থেকে চট্টগ্রামে ১০ প্লাটুন বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

‘এর মধ্যে জানাজার স্থান হাটহাজারীতে ৪ প্লাটুন, পটিয়ায় ২ প্লাটুন, রাঙ্গুনিয়ায় ২ প্লাটুন এবং ফটিকছড়িতে ২ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েন থাকবে। নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে বিজিবি সদস্যরা আইনশৃঙ্খলা বাহিনীকে সহায়তা করবে। ’
এদিকে জেলা প্রশাসনের জেএম শাখা থেকে বিজিবি সদস্যদের আইনানুগ নির্দেশনা প্রদান করার জন্য ৭ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ দেওয়া হয়েছে।

এর মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট শরীফ উল্লাহ, আবদুস সামাদ শিকদার, মামনুন আহমেদ অনীক এবং মো. উমর ফারুক হাটহাজারী উপজেলায় দায়িত্ব পালন করবেন। এ ছাড়া নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ফখরুল ইসলাম রাঙ্গুনিয়ায়, নির্বাহী ম্যাজিস্ট্রেট ইনামুল হাছান পটিয়ায় এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট গালিব চৌধুরী ফটিকছড়িতে দায়িত্ব পালন করবেন।

হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রুহুল আমিন জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ ও র্যাবের পাশাপাশি নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে বিজিবি সদস্যরা শনিবার থেকে মাঠে থাকবেন।

এর আগে গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে রাজধানীর আসগর আলী

হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান হেফাজতে ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফী।

সূত্র: বাংলানিউজটোয়েন্টিফোর.কম

মসজিদে বিস্ফোরণ: নিভে গেল আরেক মুসল্লির প্রাণ

নারায়ণগঞ্জের ফতুল্লায় তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনায় আবদুল আজিজ (৪০) নামের আরও এক মুসল্লির মৃত্যু হয়েছে।

শনিবার ভোরে সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থাপিত শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. পার্থ শঙ্কর পাল যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

বিস্ফোরণের ঘটনায় বায়তুস সালাত জামে মসজিদের ইমাম ও মুয়াজ্জিন ও শিশুসহ মোট ৩২ জনের মৃত্যু হলো। এছাড়া চিকিৎসাধীন আরও ৪ জনের অবস্থা আশঙ্কাজনক।

প্রসঙ্গত, গত ৪ সেপ্টেম্বর রাত সাড়ে ৮টার দিকে নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দগ্ধ হন।

দগ্ধ ব্যক্তিদের মধ্যে ৩৭ জনকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে ৩২ জনের মৃত্যু হলো। আর সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন একজন।

এবারও অনিশ্চিত আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন!

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১০ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও এখনও আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। প্রায় দশ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ পরিষদের মেয়াদ শেষ হয়। ওই সময় দেশের অন্য পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নির্বাচন হলেও সীমানা জটিলতা দেখিয়ে মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা স্থগিত রাখে নির্বাচন কমিশন। পরে সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলনের মুখে ২০১৭ সালের ২৫ ও ২৩ এপ্রিল আমদহ ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। ২৫ এপ্রিল মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন তখন স্থগিত করা হয়।

আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আমদহ ইউনিয়নের নির্বাচন দাবি করে আমদহ ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন অত্যন্ত জুরুরী। বিনা ভোটে দশ বছর ধরে চেয়ারম্যান হয়ে থাকাটা অন্যায়। সাবেক মেয়রের সাথে কারসাজি করে নির্বাচন আটকে রেখেছে। এটা অন্যায়। এছাড়াও নির্বাচন অনুষ্ঠিত করার ব্যাপরে গুরুত্বপূর্ন দায়িত্ব পালন করে জেলা প্রশাসক ও জেলা নির্বাচন অফিসার। নির্বাচন অনুষ্ঠিত না হওয়ার ব্যাপােও তাদেরও দায় বদ্ধতা আছে।

আমদহ গ্রামের মহসিন আলী বলেন, দীর্ঘদিন ধরে একই চেয়ারে থাকায় ওই

চেয়ারম্যান-মেম্বাররা সাধারণ মানুষকে তেমন মূল্য দিচ্ছেন না।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপ-দফতর সম্পাদক গোলাম কিবরিয়া বুলু বলেন, ‘সীমানাসংক্রান্ত জটিলতার দোহাই দিয়ে নির্বাচন স্থগিত থাকলেও এটি তেমন জটিল কিছু নয়। এটা নিরসন হয়ে পৌর নির্বাচন হয়েছে। সীমানা জটিলতা আর নেই। আমাদের দলের নেতাকর্মীরা চান নির্বাচন হোক। দল মনোনয়ন দিলে আমারও চেয়ারম্যান পদে নির্বাচন করার ইচ্ছা আছে।

জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আবদুল্লাহ আল আমিন বলেন, ‘গত তফসিলে আমি চেয়ারম্যান পদে মনোনয়নপত্র জমা দিয়েছিলাম। একটি পক্ষের কূটকৌশলে নির্বাচনটি স্থগিত রয়েছে। শিগগিরই নির্বাচনের দাবি জানাচ্ছি।

আমদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর অ্যাড. কাজী শহিদুল হক বলেন, আমহদ ইউনিয়নে সীমানা জটিলতা আর নেই। বিগত নির্বাচনে তফসিল ঘোষনা হয়েও চেয়ারম্যান আনারুলের কারসাজিতে নির্বাচন স্থগিত হয়েছিল। এখনো পর্যন্ত কোন নির্বাচন হয়নি। চেয়ারম্যান আনারুল যেটা করেছে এটা অন্যায় অনৈতিক।

জনগনের ভোটাধিকার হরণ করেছে সে। জনপ্রতিনিধি জনগণের ভোটে নির্বাচিত হবে এটা স্বাভাবিক। কিন্তু বিনা ভোটে দশ বছর ধরে ক্ষমতা দখল করাটা যৌক্তিক না। আমি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হিসেবে আমদহ ইউনিয়নের নির্বাচন দাবি জানাচ্ছি।

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, একই কারণে পৌর নির্বাচন বন্ধ ছিল। নির্বাচন বন্ধ রাখার একটি সিন্ডিকেট রয়েছে। যারা নির্বাচনকে ভয় পায়। যেহেতু সেই জটিলতা কাটিয়ে পৌর নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, আমরা চাই, পাশের এ ইউনিয়নের নাগরিকরাও তাদের ভোটাধিকার ফিরে পাক।

এ বিষয়ে বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলামকে মোবাইলে ফোন করা হলে তিনি রিসিভ করেননি। তবে এক বছর আগে তিনি নির্বাচন সম্পর্কে বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম বলেন, আমার বিরুদ্ধে কিছু লোক অপপ্রচার চালাচ্ছে। আমি সুন্দরভাবে ইউনিয়নবাসীর সেবা করে যাচ্ছি। নির্বাচন ঠেকানোর কোনো ক্ষমতা আমার নেই। সরকার চাইলেই নির্বাচন হবে।

জেলা নির্বাচন অফিসার আহমেদ আলী বলেন, আমদহ ইউনিয়ন পরিষদ ও

পৌরসভার মধ্যে সীমানা নির্ধারণ নিয়ে হাইকোর্টে একটি মামলা বিচারাধিন আছে। ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার বিষয়ে বাদি পক্ষরা মামলাটি তুলে নিয়েছিল। এজন্য পৌর নির্বাচন আমরা করতে পেরেছিলাম। একই সাথে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের জন্য তফসিল ঘোষনা করেছিলাম।

কিন্তু হাইকোর্ট থেকে নির্বাচন কমিশনকে একটি নোটিশ প্রেরন করা হয়। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন আমাদের নির্দেশ দেন আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন স্থগিত রাখতে। সেই থেকে এখনো পর্যন্ত আমরা কোন নির্বাচনের নির্দেশ পাইনি।

এ বিষয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন কোন মামলা মোকাদ্দমা থাকার কারনে বন্ধ থাকতে পারে। তারপরও আমি বিষয়টি ভালো করে খোঁজ খবর নিয়ে দেখছি। কোন আইনগত সমস্যা থাকলে সেটা নিরসন করার চেষ্টা করবো।

মেহেরপুরে রয়েল এক্সপ্রেস পরিবহন থেকে ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের হাইওয়ে থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহন এর পিছন বক্সের ভিতরে চটের বস্তার ভিতর পেটি করা অবস্থায় ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার রাতে মেহেরপুর সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান এর নির্দেশক্রমে এই অভিযান পরিচালনা করেন সদর থানার এস আই ইকবাল।

এসময় সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান বলেন, আমাদের কাছে সংবাদ আসে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ মোড় থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহনে করে ফেন্সিডিল যাচ্ছে ঢাকায়। তারই সূত্র ধরে আমরা বন্দর গ্রামের হাইওয়েতে চেকপোস্ট বসিয়ে গাড়িটি আটকায়

এবং ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করি।

তিনি আরও বলেন, এর সাথে যারা জড়িতো আছে তাদের ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই কহিতুর, কনস্টেবল জামিরুল, হাবিব প্রমুখ।

জীবননগরে তিন দিনের সরকারি ছুটির দাবীতে হিন্দু মহা জোটের মানববন্ধন

শারদীয় দূর্গাৎসবে তিন দিনের সরকারি ছুটির দাবীতে মানববন্ধন হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫ টায় বাসস্ট্যাণ্ড বঙ্গবন্ধু মুক্তমঞ্চের সামনে মানববন্ধন করেন বাংলাদেশ জাতীয় হিন্দু মহাজোট।

উপজেলা বাংলাদেশ জাতীয় হিন্দু মহাজোটের সভাপতি শ্রী অনন্ত হালদারের সভাপতিত্বে বক্তব্য রাখেন, মহাজোটের সাধারণ সম্পাদক ডা: প্রশান্ত কুমার পুরোহিত, সহ-সম্পাদক শ্রী আনান্দ কর্মকার। এ সময় উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক শ্রী অশিত কর্মকার, শ্রী অনন্ত দাস, শ্রী সত্যন দাস, শ্রী সবুজ দাস, শ্রী নিখিল দাস, শ্রী উজ্জ্বল দাস সহ স্থানীয় নেতৃবৃন্দ।

মানববন্ধনে বক্তারা বলেন, সনাতন ধর্মাবলম্বীদের বৃহৎ ধর্মীয় অনুষ্ঠান শারদীয় দুর্গাৎসব। ৫দিন ব্যাপী ধর্মীয় অনুষ্ঠানটিতে এক দিনের সরকারী ছুটি থাকায় পরিবারের সদস্যদের সাথে নিয়ে পূজা উদযাপন সম্ভব হয়না। যার কারণে তিন দিনের সরকারি ছুটির দাবী জানান বক্তারা।

[redacted]

[redacted]

সমর্থন নিয়ে আবার নির্বাচনে অংশ নিতে চাই।

মেহেরপুর প্রতিদিন: বিগত নির্বাচনে জনগনের প্রতি আপনার কোন প্রতিশ্রুতি ছিল কি না? থাকলে সেটা কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন?

বোরহান উদ্দিন: বিগত নির্বাচনে আমার জনগণের প্রতি তেমন একটা প্রতিশ্রুতি ছিল না। তবে চেয়ারম্যান হিসেবে আমার যতটুকু দায়িত্ব পালন করার কথা সেটা আমি শতভাগ পালন করেছি। আমার ইউনিয়নের সকল ক্ষেত্রে অবকাঠামোগত যে উন্নয়ন হয়েছে সেটা অন্য ইউনিয়নে হয়েছে কি না আমার জানা নেই। আমার ইউনিয়নের যুবসমাজের জন্য খেলার মাঠটি দৃষ্টি নন্দন করেছি। একটি অত্যাধুনিক পাবলিক ক্লাব করা হয়েছে। যে একটি সুন্দর ব্যামাগার আছে যা মেহেরপুর জেলার ভিতর নেই। সেই সাথে এই ক্লাবে এলাকার বেকার যুবকদেও স্বাবলম্বি করার জন্য কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হয়।

মেহেরপুর প্রতিদিন: ইতোমধ্যে আমঝুপি ইউনিয়নকে ভেঙে শ্যামপুর নামের আরও একটি ইউনিয়ন করা হয়েছে। আগামী নির্বাচনে এর কেমন প্রভাব পড়বে?

বোরহান উদ্দিন: আপনারা জানেন আমঝুপি ইউনিয়ন খুলনা বিভাগের মধ্যে সব থেকে বড় একটি ইউনিয়ন ছিল। এটি ভেঙে দুইটি করা হয়েছে। স্থানীয় সরকারের সেবা জনগণের দোড় গোড়ায় পৌঁছে দিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে নতুন ইউনিয়ন পরিষদ তৈরি হবে, নতুন জনপ্রতিনিধি তৈরি হবে। সেক্ষেত্রে সেবার মান আরও বৃদ্ধি পাবে।

মেহেরপুর প্রতিদিন: আগামী নির্বাচনে বিএনপি অংশ গ্রহন করার ঘোষণা দিয়েছে। একই সাথে সুষ্ঠ নির্বাচন হবে কিনা এ নিয়ে সন্দেহ প্রকাশ করেছে। আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন হবে?

বোরহান উদ্দিন: বিগত নির্বাচনেও বিএনপি অংশ নিয়েছিল, এবং সুষ্ঠ পরিবেশে ভোট হয়েছিল। আগামী নির্বাচনেও সুষ্ঠ ও সুন্দর পরিবেশে ভোট হবে বলে আমি মনে করি। বিশেষ করে আমার আমঝুপি ইউনিয়নে জনগণ উৎসব মুখর পরিবেশে ভোট দিয়ে তাদের পছন্দের প্রার্থীকে নির্বাচিত করতে পারবে ইনশাল্লাহ।

[redacted]

[redacted]

মেহেরপুরে আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা শাখার আয়োজনে আলোচনা সভা ও কেক কাটা হয়।

শুক্রবার রাত ৯ টায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের কার্যালয়ে প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সহ সভাপতি তরুণ আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল।

বিশেষ অতিথি ছিলেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সাবেক ছাত্রনেতা আমিনুল ইসলাম খোকন।

জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সাধারন সম্পাদক তারিকুল ইসলাম রাজিরের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ মিঠুন, জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা রাজু আহমেদ লিটিল মাহবুব জামান সোহাগ, সদস্য সবুজ আহমেদ, সদর উপজেলা আহবায়ক সুজাউদ্দিন সুজন, যুগ্ম আহ্বায়ক মনিরুল ইসলাম মনি,আব্দুর রহিম, সজীব ওয়াজেদ জয় পরিষদের মেহেরপুর জেলা শাখার আহবায়ক সাইফুল ইসলাম, সদস্য সজীব, সূচল প্রমূখ।

গাংনীর বাঁশবাড়িয়া-শিশিরপাড়া

সড়কে বৃক্ষ রোপণ

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষরোপন কর্মসূচী পালন করেছে পৌর কৃষক লীগ।

শুক্রবার বিকালে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

এসময় তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপনের কোন বিকল্প । একটি করে ফলদ, বনজ ও ভেষজ গাছ লাগানোর পরামর্শ দিয়ে তিনি বলেন, ভবিষ্যত প্রজন্মকে বাসযোগ্য করে তোলার জন্য কৃষকলীগের নেতা কর্মীরা বৃক্ষ রোপন কর্মসূচী শুরু করেছে।

তিনি আরো বলেন, মুজিববর্ষের আহবান তিনটি করে গাছ লাগান এ শ্লোগানের মধ্যে দিয়ে মেহেরপুর জেলা কৃষকলীগের উদ্যোগে রাস্তার পার্শে, কবরস্থান ও পতিত জমিতে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন করছে।

পৌর কৃষকলীগের সভাপতি ও পৌর কাউন্সিলর বদরুল আলম বুদুর সভাপতিত্বে অন্যান্য’র মধ্যে বৃক্ষ রোপন কর্মসূচীতে অংশ নেন গাংনী শহর আওয়ামীলীগের সহ সভাপতি ও পৌর কাউন্সিলর নবীর উদ্দীন,বামুন্দী ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবাইদুর রহমান কমল, ২নং ওয়ার্ডের পৌর কাউন্সিলর মিজানুর রহমান মিজান, পৌর কাউন্সিলর ফিরোজা খাতুন,কাউন্সিলর মিজানুর রহমান মদন, উপজেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক কমরেড আব্দুস সাত্তার,সাবেক ছাত্রনেতা জামিরুল ইসলাম টিক্কা,কৃষকলীগনেতা সভাপতি মুনশাদ আলী, হাসেম আলী, আব্দুস সালাম। এ সময় বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আল্লামা শফীর মৃত্যুতে

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আল্লামা শফীসহ কওমি মাদ্রাসার আলেম-উলামারা রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আল্লামা শফীসহ কওমি মাদ্রাসার আলেম-উলামারা। ফাইল ছবি
হেফাজত আমির আল্লামা আহমদ শফীর মৃত্যুতে শোক জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

শুক্রবার আলাদা আলাদা বার্তায় গভীর শোক জানিয়েছেন।

এদিন সন্ধ্যায় রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান আল্লামা শফী। তিনি
চট্টগ্রামের আল-জামিয়াতুল আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম হাটহাজারী মাদ্রাসার মুহতামিম (মহাপরিচালক) পদ থাকা দেশের প্রবীণ কওমি আলেম।

গত বৃহস্পতিবার তিনি সেচ্ছায় পদত্যাগের পরে হাটহাজারী মাদ্রাসার পরিচালনা পর্ষদ (মজলিসে শুরা কমিটি) তাকে মহাপরিচালক পদ থেকে অব্যাহতি দিয়ে মাদ্রাসার উপদেষ্টা (সদরে মুহতামিম) হিসেবে নিয়োগ দিয়েছেন।

ওই দিনই ছাত্র বিক্ষোভের মুখে অবরুদ্ধ অবস্থায় অসুস্থ হয়ে পড়েন আল্লামা শাহ আহমদ শফী। মাদ্রাসার দায়িত্ব থেকে অব্যাহতি নেয়ার পর বৃহস্পতিবার রাত ১২টার দিকে ফায়ার সার্ভিসের একটি অ্যাম্বুলেন্সে করে তাকে চট্টগ্রাম হাসপাতালে নেয়া হয়।

শারীরিক অবস্থার অবনতি হলে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের আইসিইউতে থাকা আল্লামা শফীকে এয়ার অ্যাম্বুলেন্সে শুক্রবার সন্ধ্যার আগে ঢাকায় এনে আজগর আলী হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় সেখানেই তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন।

প্রায় শতবর্ষী আল্লামা আহমদ শফী দীর্ঘদিন যাবৎ তিনি বার্ধক্যজনিত দুর্বলতার পাশাপাশি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও শ্বাসকষ্টে ভুগছিলেন।